তোমাদের বিষয়টি এমন একটি বিষয় যা আমার পর আমাকে চিন্তায় ফেলবে। আর তোমাদের ওপর ধৈর্য্যশীল ব্যতীত কেউ সবর করবে না।

আয়েশা রাদিয়াল্লাহু ‘আনহা থেকে বর্নিত: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি
ওয়াসাল্লাম বলতেন, তোমাদের বিষয়টি এমন একটি বিষয় যা আমার পর আমাকে চিন্তায় ফেলবে। তোমাদের ওপর কেবল ধৈর্যশীলগণই ধৈর্য ধারণ করবেন। তিনি বললেন, অতঃপর আয়েশা রাদিয়াল্লাহু আনহা বলতেন, আল্লাহ তা‘আলা তোমার পিতাকে সালসাবীল জান্নাত থেকে পান করিয়েছেন অর্থাৎ, আব্দুর রহমান ইবন আওফ রাদিয়াল্লাহু আনহু। তিনি রাসূলের স্ত্রীদের একটি মুল্যবান সম্পদ প্রদান করেন। বলা হয় চল্লিশ হাজারে তা বিক্রি করা হয়েছিল।
[হাসান] [এটি তিরমিযী বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন।]

আবূ সালমাহ ইবন আব্দুর রহমান ইবন আওফ রাহিমাহুল্লাহ বর্ণনা করেন যে, উম্মুল মু‘মিনীন আয়েশা রাদিয়াল্লাহু আনহা বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার স্ত্রীদের সম্বোধন করে বলেন, যেহেতু আমি তোমাদের জন্য কোন উত্তরাধিকারী সম্পদ রেখে যাইনি তাই আমার মৃত্যুর পর তোমাদের জীবন যাপন ও অবস্থা আমাকে দুশ্চিন্তায় ফেলে দেয়। তোমাদের ওপর খরচ করার কষ্ট একমাত্র তারাই বহন করবে যারা ধৈর্যশীল। অতঃপর আয়েশা রাদিয়াল্লাহ আনহা আবূ সালমাকে বললেন, আল্লাহ তোমার পিতা আব্দুুর রহমান ইবন আওফকে জান্নাতের কুপ থেকে পান করিয়েছেন যে জান্নাতকে সালসাবীল বলা হয়। আব্দুর রহমান ইবন আওফ রাসূলের স্ত্রীদের জন্য একটি বাগান দান করেন যেটি চল্লিশ হাজার দীনারে বিক্রি করা হয়েছিল।

http://www.sunnah.global/hadeeth/bn/show/11196